72

দৈনিক খবর

তারিখ 26 AUG 1993
পৃষ্ঠা 8 কলাম ৩

# শিক্ষিত জাতিই দেশকে উন্নতির শিখরে পৌঁছে দিতে পারে

— শিক্ষা প্রতিমন্ত্রী

● বরিশাল ব্যুরো থেকে কাজী বাবুল

● শিক্ষা প্রতিমন্ত্রী অধ্যক্ষ মোঃ ইউনুস খান বলেছেন, বর্তমান সরকার শিক্ষার আলো ঘরে ঘরে পৌঁছে দিতে দৃঢ় প্রতিজ্ঞ। শিক্ষিত জাতিই পারে দেশকে উন্নতির শিখরে পৌঁছে দিতে। আর তাই আমাদেরকে শিক্ষার মান উন্নয়ন ও জাতিকে শিক্ষিত করে তোলার বিষয়ে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে।

গত মঙ্গলবার সকালে অশ্বিনী কুমার হলে প্রাথমিক ও গণশিক্ষার পর্যালোচনা সভায় বক্তৃতা করছিলেন। ঢাকায় দুর্যোগপূর্ণ আবহাওয়ার কারণে প্রধানমন্ত্রী খালেদা জিয়ার অনুপস্থিতিতে শিক্ষা প্রতিমন্ত্রী এই সভায় প্রধান অতিথির আসন অলংকৃত করেন।

অধ্যক্ষ ইউনুস খান বলেন, বিএনপি সরকার নিরক্ষরতা দূরীকরণ ও বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচী চালু করেছে। এই কর্মসূচী বাস্তবায়নের জন্য ইতিমধ্যেই সরকার বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচীর পদক্ষেপ গ্রহণ করেছে। শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচীর অধীনে ইতিমধ্যে সরকার ১ লাখ টন গম বরাদ্দ করেছে। আমাদের লক্ষ্য একটি সুশিক্ষিত জাতি গড়ে তোলা।

বিশেষ অতিথি সেচ, পানি ও বন্যা নিয়ন্ত্রণ প্রতিমন্ত্রী মোশারেফ হোসেন শাহজাহান বলেন, শিক্ষাই জাতির মেরুদন্ড। কিন্তু আমাদের দেশের নিরক্ষর জনগোষ্ঠীকে শিক্ষিত করে তুলতে যে ধরনের কর্মসূচী গ্রহণ করা দরকার তা ইতিপূর্বে কোন সরকার নেয়নি। বর্তমান সরকার শিক্ষা উন্নয়নে ব্যাপক কর্মসূচী গ্রহণ করেছে।

অনুষ্ঠানে আরো বক্তৃতা করেন মজিবর রহমান, সরোয়ার এমপি, মোশারেফ হোসেন মঞ্জু এমপি, সচিব কাজী রকিব উদ্দিন আহমেদ, প্রাথমিক শিক্ষা বিভাগের মহাপরিচালক আব্দুস সোবহান এবং বিভাগীয় কমিশনার এম এ রশীদ প্রমুখ।